অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/26/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো নোভেল করোনাভাইরাস সম্পর্কিত রাজ্যের ক্রমাগত প্রতিক্রিয়া হিসাবে জানান যে নিউ ইয়র্ক রাজ্যে আরও তিনজন স্বতন্ত্র ব্যক্তিকে রোগ-নির্ণয়ের জন্য চিহ্নিত করা হয়েছে

মোট সাতজন ব্যক্তি রোগ-নির্ণয়ের জন্য চিহ্নিত হয়েছেন, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রসমূহ (Centers for Disease Control and Prevention, CDC) নির্ণয় করেছে যে তিনটি ঘটনা ঋণাত্মক ছিল, চারটি ফলাফল এখনও মুলতুবি রয়েছে, নিউ ইয়র্ক রাজ্যে কোনও নিশ্চিত রোগাক্রান্তের ঘটনা নেই

নিউ ইয়র্ক রাজ্য স্বাস্থ্য অধিদপ্তর (Department of Health, DOH) এবং নিউইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষকে (Port Authority) নির্দেশনা দেয়া হয়েছে বিমানবন্দরে বহু ভাষার বহিরাগত ভ্রমণ সতর্কতা চিহ্ন যুক্ত করতে

স্বাস্থ্য বিভাগ তথ্যমূলক ওয়েব পেইজ চালু করেছে

বিভাগ সরবরাহ করছে দিকনির্দেশনা নিউ ইয়র্কের কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলিকে কীভাবে ভাইরাস সনাক্ত করতে হবে, শিক্ষার্থীদের জানাতে হবে এবং প্রতিরোধ ব্যবস্থা উন্নীত করতে হবে

CDC মার্কিন যুক্তরাষ্ট্রে তিনটি ঘটনার সত্যতা নিশ্চিত করার পর, গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ চীনে নোভেল করোনাভাইরাস প্রাদুর্ভাব নিয়ে নিউ ইয়র্কের প্রস্তুতি এবং প্রতিক্রিয়া জানাতে সর্বশেষ প্রচেষ্টা ঘোষণা করেছেন। **যদিও নিউ ইয়র্ক রাজ্যে কোনও নিশ্চিত ঘটনা পাওয়া যায় নি**, আজ অবধি নিউ ইয়র্ক রাজ্য স্বাস্থ্য অধিদপ্তর মোট সাতটি ঘটনা CDC-তে শনাক্তকরণের জন্য প্রেরণ করেছে। এর মধ্যে তিনটি ঘটনা নেতিবাচক প্রমাণিত হয়েছে, যদিও চারটি ফলাফল এখনও মুলতুবি রয়েছে। CDC-তে তাদের পরীক্ষা করার জন্য এই চার ব্যক্তিকে আলাদা অবস্থায় রাখা হয়েছে।

"যদিও বিশেষজ্ঞরা এখনও বিশ্বাস করেন যে এই নোভেল করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি বর্তমানে নিউ ইয়র্কে তুলনামূলক কম রয়েছে, আমি চাই যে সমস্ত নিউ ইয়র্কবাসী জানুক যে আমরা প্রস্তুত রয়েছি এবং মানুষকে অবহিত ও সুরক্ষিত রাখতে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করা চালিয়ে যাচ্ছি," **গভর্নর কুওমো বলেন**। "আমি স্বাস্থ্য অধিদপ্তর এবং অন্যান্য রাজ্য সংস্থাকে CDC, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization), আমাদের স্থানীয় এবং রাষ্ট্রীয় সরকারের অংশীদারদের

সাথে এবং নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা সরবরাহকারীদের সাথে নিবিড়ভাবে কাজ চালিয়ে যাওয়ার জন্য নির্দেশ দিয়েছি যাতে আমরা এই পরিস্থিতিতে এগিয়ে থাকতে পারি।"

ভ্রমণকারীরা এই সপ্তাহে চীনের চন্দ্র নববর্ষ উদযাপন করে মার্কিন যুক্তরাষ্ট্রে ফিরে আসার প্রত্যাশার সাথে সাথে DOH নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষের সাথে ভাইরাসের বিষয়ে চারটি বন্দর কর্তৃপক্ষ আন্তর্জাতিক বিমানবন্দরে বহুভাষিক চিহ্ন দেয়ার জন্য কাজ শুরু করেছে। DOH পাতাল রেলে এবং বাসগুলিতে তথ্যের সংকেত রাখতে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (Metropolitan Transportation Authority) সাথেও কাজ করছে।

নোভেল করোনাভাইরাস সম্পর্কে তথ্য পাওয়া যাবে এখানে।

শুক্রবারে, রাজ্য স্বাস্থ্য অধিদপ্তর নিউ ইয়র্কের কলেজ ও বিশ্ববিদ্যালয় থেকে 400-এরও বেশি অংশগ্রহণকারীদের নিয়ে করোনাভাইরাস সম্পর্কিত একটি তথ্যবহুল ওয়েবিনার অনুষ্ঠিত করেছিল, যেখানে অনেক আন্তর্জাতিক ছাত্র এবং শিক্ষক ছিলেন। DOH এই সপ্তাহে শিক্ষার্থীদের দিকনির্দেশনা বিষয়ক বার্তা দিবে এই ভাইরাসের ব্যাপারে, কিভাবে এটিকে প্রতিরোধ করা যায় এবং কিভাবে এটি ছড়ায় সে সম্পর্কে। এছাড়াও DOH ইতিমধ্যে হাসপাতাল এবং স্থানীয় স্বাস্থ্যসেবা সরবরাহকারীদের জন্য একাধিক তথ্যবহুল ওয়েবিনার আয়োজন করেছে।

গত সপ্তাহে স্বাস্থ্য অধিদপ্তর জারি করেছে নির্দেশনা স্বাস্থ্যসেবা সরবরাহকারী, হেলথকেয়ার ফ্যাসিলিটিস, ক্লিনিকাল ল্যাবরেটরিস এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিতে প্রাদুর্ভাব সম্পর্কে সর্বশেষ তথ্য সরবরাহ করার এবং কোনও রোগী যদি নোভেল করোনাভাইরাসের সাথে সামঞ্জস্যপূর্ণ লক্ষণগুলি অনুভব করে যার চীনের উহানে ভ্রমণের ইতিহাস রয়েছে, যেখানে করোনাভাইরাসের উদ্ভব, বা এই নোভেল করোনাভাইরাস সম্পর্কে তদন্তাধীন একজন ব্যক্তির সংস্পর্শে এসেছিলেন তবে যথাযথ প্রোটোকলগুলি নিশ্চিত হচ্ছে তা নিশ্চিত করা হবে।

গত সপ্তাহের স্বাস্থ্য নির্দেশিকা চীনের উহান থেকে আসা যাত্রীদের জন্য জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে একটি CDC-র নেতৃত্বাধীন এয়ারপোর্ট এন্ট্রি স্ক্রিনিং প্রোগ্রামের সাথে একত্রে সূচিত হয়। চীনা কর্মকর্তারা তাদের আন্তর্জাতিক বিমানবন্দর সহ উহান এবং প্রদেশের অন্যান্য শহরে এবং তার বাইরে পরিবহন বন্ধ করেছেন। DOH, পোর্ট অথরিটি এবং নিউইয়র্ক সিটি হেলথ ডিপার্টমেন্ট CDC-র সাথে সহযোগিতামূলকভাবে কাজ করতে থাকবে তাদের ভ্রমণ স্ক্রিনিং প্রক্রিয়া বিবর্তিত হওয়ার সাথে সাথে। আজ অবধি, জন এফ কেনেডিতে (John F. Kennedy International Airport, JFK) CDC-নেতৃত্বাধীন যাত্রী শনাক্তকরণের ফলস্বরূপ কোনও যাত্রীর অধিকতর মূল্যায়ন প্রয়োজন হয়নি। সব আন্তর্জাতিক ভ্রমণের জন্য আরও সচেতনতা বাড়াতে গভর্নর কুওমো বন্দর কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন চারটি পোর্ট অথরিটি আন্তর্জাতিক বিমানবন্দরের প্রত্যেকটিতে তথ্যমূলক সংকেত পোস্ট করতে।

নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "আমরা সমস্ত নিউ ইয়র্কবাসীকে অসুস্থতার বিরুদ্ধে স্বাভাবিক সতর্কতা অবলম্বন করার জন্য উৎসাহিত করছি, যেমন নিয়মিত হাত ধোয়া এবং অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়ানো। আমরা CDC-তে

আমাদের অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাব এবং নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যরক্ষা নিশ্চিত করতে যে কোনও প্রয়োজনে সহায়তা করতে প্রস্তুত আছি।"

এই নভেল করোভাইরাসের উপসর্গের অন্তর্ভুক্ত হতে পারে:

- নাক দিয়ে জল পড়া
- মাথাব্যথা
- কাশি
- গলা ব্যথা
- জ্বর

CDC ব্যাক্তিদের সুপারিশ করে যে চীনের উহানে, সমস্ত অযৌক্তিক ভ্রমণ এড়িয়ে চলতে, তবে যারা এখনও উহান ভ্রমণের পরিকল্পনা করছেন এবং যারা সেই শহর থেকে সম্প্রতি ফিরে এসেছেন এবং উপরের লক্ষণগুলি অনুভব করতে পারেন তাদের জন্য নির্দিষ্ট তথ্য সরবরাহ করেছে।

এই নভেল করোভাইরাসের জন্য বর্তমানে কোন টিকা না থাকলেও, প্রাত্যিহিক রক্ষণাত্মক পদক্ষেপ এটি এবং অন্যান্য শ্বসন সংক্রান্ত ভাইরাস ছড়িয়ে পড়া বন্ধ করতে পারে, যার মধ্যে রয়েছে:

- অন্তত 20 সেকেন্ডের জন্য সাবান এবং জল দিয়ে প্রায়ই হাত ধোবেন। যদি সাবান এবং জল না পাওয়া যায়, তাহলে অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।
- চোখ, নাক, মুখ না-ধোয়া হাত দিয়ে ছোঁবেন না।
- অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলুন।
- অসুস্থ হলে বাড়িতে থাকুন।
- আপনার কাশি বা হাঁচি টিস্যু দিয়ে ঢাকুন, তারপর টিস্যুটি আবর্জনায় ফেলে দিন।
- প্রায়শই স্পর্শ করা হয় এমন বস্তু এবং পৃষ্ঠতল পরিষ্কার এবং জীবাণুমুক্ত রাখুন।
- যে সকল ব্যক্তি উপসর্গ অনুভব করছেন এবং হয়তো উদ্বেগের এলাকায় ভ্রমণ করেছেন, অথবা কারো সংস্পর্শে এসেছেন যিনি এই এলাকায় ভ্রমণ করেছেন, তাদের উচিৎ তাদের স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে আগে কল করা তাদের কাছে চিকিৎসার জন্য উপস্থিত হওয়ার আগে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন